**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ২৯ পৌষ ১৪২৭
১৩ জানুয়ারি ২০২১

# প্রশাসনিক পরিপত্র নং-০২/২০২১

পরিচালনা বোর্ডের ১৯.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত ৫৮৯তম সভার সিদ্ধান্ত অনুযায়ী কর্পোরেশনে তালিকাভুক্ত আইনজীবীসহ চুক্তিভিত্তিক নিয়োগ/পুন:নিয়োগের লক্ষ্যে বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণের সাক্ষাৎকার গ্রহণসহ নিয়োগের সুপারিশ প্রদানের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, আইসিবি | সভাপতি |
| ০২. | ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি | সদস্য |
| ০৩. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ০৪. | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ/অভিজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ০৫. | উপ-ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি | সদস্য |
| ০৬. | মহাব্যবস্থাপক (অ্যাডমিন), আইসিবি | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) কমিটি কর্পোরেশনের আইন উপদেষ্টা, আয়কর উপদেষ্টা, খন্ডকালীন পুরুষ ও মহিলা মেডিক্যাল রিটেইনার, চীফ ফিন্যান্সিয়াল অফিসার (CFO) এবং উপদেষ্টা (নির্মাণ ও উন্নয়ন) সহ চুক্তিভিত্তিক জনবল নিয়োগ/ পুন:নিয়োগের নিমিত্ত বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণের সাক্ষাৎকার গ্রহণসহ নিয়োগের সুপারিশ প্রদান করবে; এবং

খ) কর্পোরেশনের তালিকাভুক্ত আইনজীবী নিয়োগ/পুন:নিয়োগের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৬ জানুয়ারি, ২০২০ তারিখের ৫৩.০০.০০০০.২৩২.১১.০০১.২০১৮-৩৫ নম্বরযুক্ত স্মারক (সংযুক্ত) বা এতৎবিষয়ে সময়ে সময়ে জারিকৃত সরকারী নির্দেশনা অনুযায়ী নিয়োগ/পুন:নিয়োগ/আইনজীবীগণের মূল্যায়ন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করবে।

০২। তালিকাভুক্ত আইনজীবী নিয়োগ/পুন:নিয়োগের ক্ষেত্রে বিশেষজ্ঞ/অভিজ্ঞ প্রতিনিধি বলতে অ্যাটর্নি জেনারেল অফিসের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেলকে বোঝাবে। এছাড়া, অন্যান্য ক্ষেত্রে যখন যে পদে/বিষয়ে নিয়োগ/পুন:নিয়োগ প্রদান করা হবে সে পদে/বিষয়ের উপর বিশেষজ্ঞ/অভিজ্ঞ বাইরের একজন প্রতিনিধিকে বোঝাবে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(তানজিনা চৌধুরী)
মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
লিটিগেশন-১ অধিশাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর-৫৩.০০.০০০০.২৩২.১১.০০১.২০১৮-৩৫ তারিখঃ ১২ মাঘ ১৪২৬ / ২৬ জানুয়ারি ২০২০

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী নিয়োগ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের পক্ষে মামলা পরিচালনার নিমিত্ত প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:-

ক) প্যানেল আইনজীবী নিয়োগ/পুনঃনিয়োগ সংক্রান্ত কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন স্ব স্ব প্রতিষ্ঠান, সংস্থা ও দপ্তরের জন্য কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি এবং অ্যাটর্নি জেনারেল অফিসের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেলকে অন্তর্ভুক্ত করতে হবে;

খ) প্যানেল আইনজীবীর মেয়াদ হবে সর্বোচ্চ ০২(দুই) বছর। যে সকল আইনজীবীর পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হবে তাদেরকে পুনরায় নিয়োগের জন্য বিবেচনা করা যাবে;

গ) নিয়োগকৃত আইনজীবীদের পারফরমেন্স মূল্যায়ন করার জন্য সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক Key Performance Indicator (KPI) নির্ধারণ করতে হবে এবং উক্ত KPI অনুযায়ী নিয়মিতভাবে আইনজীবীদের মামলা পরিচালনার পারফরমেন্স মূল্যায়ন করতে হবে। যে সকল আইনজীবীর পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হবে না তাদের বিষয় কমিটিতে উপস্থাপনপূর্বক প্যানেল হতে বাদ দিয়ে নতুন আইনজীবী নিয়োগ দিতে হবে;

ঘ) আইনজীবী নিয়োগের ক্ষেত্রে মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তি ও তাঁদের পেশাগত দক্ষতার বিষয়টি নিশ্চিত করতে হবে;

ঙ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বার্থে ব্যাঘাত ঘটে এমন কোন কাজ প্যানেল আইনজীবী করতে পারবেন না। এ ধরনের অভিযোগ উত্থাপিত হলে কমিটির সুপারিশক্রমে তাঁর নিয়োগ বাতিল করতে হবে; এবং

চ) নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণের নামের তালিকা ও ফোন নাম্বার এ বিভাগকে অবহিত করতে হবে। সেই সাথে ইতোপূর্বে যাঁরা নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাঁদের তালিকাও এ বিভাগকে অবহিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

স্বা/২৬.১.২০২০
(মোঃ জেহাদ উদ্দিন)
উপসচিব
ফোন: ৯৫৪০৬৭৮
ই-মেইল: ds.ligitation@fid.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, বিকেবি/রাকাব/কর্মসংস্থান/আনসার ভিডিপি/বিএইচবিএফসি/আইসিবি/প্রবাসী কল্যাণ ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী।

স্মারক নম্বর-৫৩.০০.০০০০.২৩২.১১.০০১.২০১৮-৩৫(২০)

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ / ২৬ জানুয়ারি ২০২০

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
২। সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় [মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য]
৪। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৫। যুগ্ম সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৬। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। সিনিয়র সচিব এর একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রোগ্রামার, আইটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিব (লিটিগেশন উইং)-এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ [অতিরিক্ত সচিব (লিটিগেশন উইং) এর সদয় অবগতির জন্য)]।

২৬.০১.২০২০
(মোঃ জেহাদ উদ্দিন)
উপসচিব
ফোন: ৯৫৪০৬৭৮